

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১). ৫০৫

তারিখ: ২৬/০৬/২০২০ খ্রিঃ।

### বাংলা নববর্ষ ১৪২৮ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা-২০২১।

‘বাংলা নববর্ষ ১৪২৮’ উদযাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

#### ক) রচনা প্রতিযোগিতা:

ক্র. নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	বাংলা নববর্ষ	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	জাতীয় জীবনে নববর্ষের গুরুত্ব	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	বাংলা সাহিত্যে নববর্ষ	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বাংলা সংস্কৃতির বিকাশে নববর্ষ	১৮০০
৫.	ঙ	বিশেষ (প্রতিবন্ধী)	বৈশাখী মেলা	১০০০

#### খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র. নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব ৭ বছর	উন্মুক্ত
২.	খ	৮-১২ বছর	মঙ্গল শোভাযাত্রা
৩.	গ	বিশেষ (প্রতিবন্ধী)	উন্মুক্ত

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা ১৮.০৪.২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতায় আর্ট পেপারে স্ব-হস্তে অংকিত চিত্র সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে ১৮.০৪.২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে।

#### শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
২. ছাত্রছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে। চিত্রাংকনের ক্ষেত্রে জন্মসনদ জমা দেয়া আবশ্যিক।
৩. রচনা ও চিত্রাংকনে অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, স্টুডেন্ট আইডি কার্ড এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

(মো: আবুবকর সিদ্দিক)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন:৯৬৭১২৩৪

বিতরণ :

১। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান -কাম-উপপরিচালক/ প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), (সকল)।

২। সিনিয়র লাইব্রেরিয়ান/ লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল)।

৩। গ্রন্থাগারিক, বঙ্গবন্ধু সমাধি সৌধ কমপ্লেক্স সরকারি গণগ্রন্থাগার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

৪। সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা সরকারি গণগ্রন্থাগার, বকশীগঞ্জ/ দেওয়ানগঞ্জ, জামালপুর।

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১). ৬ ১৫

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

তারিখ : ২৩/০৩/২০২১ খ্রিঃ।

১। লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েবপোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর।

২। অফিস নথি।

২৩/০৩/২০২১

(সোনিয়া চৌধুরী)

লাইব্রেরিয়ান (পাঠকসেবা)

ফোন: ৫৮৬১৭০১২